

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

২০-২৪ সেপ্টেম্বর, ২০২০ এর সম্ভাব্য ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের জন্য বিশেষ কৃষি আবহাওয়া পরামর্শ

(সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পিরোজপুর, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা, ভোলা, নোয়াখালী, লক্ষীপুর, ফেনী ও কক্সবাজার জেলার জন্য)

প্রকাশের তারিখ: ২০/০৯/২০২০

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী আগামী ৫ দিন (২০-২৪ সেপ্টেম্বর, ২০২০) সাতক্ষীরা, খুলনা, বাগেরহাট, পিরোজপুর, বরিশাল, ঝালকাঠি, পটুয়াখালী, বরগুনা, ভোলা, নোয়াখালী, লক্ষীপুর, ফেনী ও কক্সবাজার জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

এই পরিস্থিতিতে উপরোক্ত জেলাগুলোর জন্য নীচের পরামর্শসমূহ প্রদান করা হলো:

- দ্রুত পরিপক্ব সবজি সংগ্রহ করে ফেলুন।
- জমি থেকে অতিরিক্ত পানি নিষ্কাশন করুন। জলাবদ্ধতা পরিহারের জন্য খরিফ/রবি সবজির জমির চারপাশে নিষ্কাশন নালা তৈরি করুন।
- আমন ধানের জমির নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- আমন ধানের জমির আইল উঁচু করে দিন।
- সেচ, সার ও বালাইনাশক প্রদান থেকে বিরত থাকুন।
- কলা ও দণ্ডায়মান সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- আখের ঝাড় বেঁধে দিন।
- গবাদি পশু ও হাঁসমুরগীর থাকার জায়গা পরিষ্কার ও শুকনো রাখুন।
- পুকুরের চারপাশ উঁচু করে দিন। সম্ভব হলে চারপাশ জাল বা বাঁশের চাটাই দিয়ে ঘিরে দিন যেন অতিরিক্ত পানিতে মাছ ভেসে না যায়।